

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*

স-২২৯১(আগরতলা, ১২।১০)

উদয়পুর, ১২ অক্টোবর, ২০১৭

উদয়পুরের দু'টি বিদ্যালয়ে সাংস্কৃতিক কর্মশালা

দেওয়ালী মেলা উপলক্ষে তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আজ থেকে মাতাবাড়ী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে ৭ দিন ব্যাপী সাংস্কৃতিক কর্মশালা শুরু হয়েছে। এতে এই বিদ্যালয়ের ৯৮০ জন ছাত্রছাত্রীকে সংগীত, নৃত্যের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। অনুরূপভাবে আজ থেকেই চন্দ্রপুর কলোনী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়েও ৭৫ জন ছাত্রছাত্রীকে নিয়ে সাংস্কৃতিক কর্মশালা শুরু হয়েছে। এই কর্মশালায় সংগীত ও নৃত্যের উপর প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। প্রশিক্ষণ চলবে ১৮ অক্টোবর পর্যন্ত। কর্মশালার প্রশিক্ষণ প্রাপ্ত শিল্পীরা দেওয়ালী উৎসব ও মেলা উপলক্ষে ধন্যমানিক্য মুক্ত মঞ্চ ও উপজাতি সাংস্কৃতিক মঞ্চে সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নেবে।

\*\*\*\*

This document was converted using  
Smart PDF Converter  
To remove this message purchase the  
product at [www.SmartPDFConverter.com](http://www.SmartPDFConverter.com)